গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পরিপত্র

**বাংলাদেশের সকল উপজেলার ক্ষেত্রে প্রযোজ্য হবে।**

স্মারক নং ঃ ৩২.০০.০০০০.০৫৭.৩০.০০৭.১৬.১৬০ তারিখ ঃ ০৪/০৮/২০১৬ খ্রীঃ

প্রতি ঃ উপজেলা নির্বাহী অফিসার

উপজেলা : ................................

জেলা :....................................

**বিষয়ঃ দুঃস্থ মহিলা উন্নয়ন (ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট-ভিজিডি) কর্মসূচির আওতায় পরবর্তী ২৪ মাস চক্রের (১ জানুয়ারি ২০১৭ থেকে ৩১ ডিসেম্বর ২০১৮) ভিজিডি উপকারভোগী বাছাই/ নির্বাচন সংক্রান্ত পরিপত্র।**

চলতি ভিজিডি চক্রের (২০১৫-২০১৬) আওতায় নির্বাচিত ভিজিডি উপকারভোগীদের খাদ্য ও প্রশিক্ষণ সেবা প্রদান কার্যক্রম ৩১ ডিসেম্বর ২০১৬ শেষ হবে এবং ১ জানুয়ারী ২০১৭ থেকে পরবর্তী ভিজিডি চক্র (২০১৭ - ২০১৮) শুরু হবে। দুই বছর ব্যাপী ২০১৭-২০১৮ চক্রের আওতায় উপকারভোগী নির্বাচন,কর্মসূচি বাস্তবায়ন এবং সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কে স্বচ্ছ ধারণা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত নীতিমালা ও শর্তাবলী অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ঃ

(ক) বাংলাদেশ সরকারের সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ভিজিডি কর্মসূচি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়ন করে। উপজেলা পর্যায়ে ভিজিডি কর্মসূচির বাস্তবায়ন ও ব্যবস্থাপনা উপজেলা নির্বাহী অফিসারের সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত হবে।

(খ) দেশের সকল উপজেলার (৪৯০টি) আওতায় নির্বাচিত অতি দরিদ্র মহিলাদেরকে খাদ্য সহায়তার পাশাপাশি সামাজিক সুরক্ষার আলোকে স্থায়ীভাবে জীবনযাত্রার মান উন্নয়ন,আয়বর্ধক কর্মকান্ডের প্রশিক্ষণ, স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে সচেতনতা প্রদান ইত্যাদি উন্নয়ন প্যাকেজ সেবা প্রদান করা হবে। উপজেলা পর্যায়ে খাদ্য/ ভিজিডি কার্ড বরাদ্দ সাধারণত খাদ্য নিরাপত্তাহীনতা ও দুর্দশাগ্রস্থ পরিবারের শতকরা হার বিবেচনায় রেখে করা হয়। উপজেলা পর্যায়ে খাদ্য/ভিজিডি কার্ড বরাদ্দের ক্ষেত্রে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সহায়তায় ও বিশ্ব খাদ্য কর্মসূচির কারিগরী সহায়তায় এবং মশিবিম কর্তৃক যৌথ ভাবে প্রণীত অতি দারিদ্র্য মানচিত্রকে (Extreme Poverty Map) পরিকল্পনা প্রণয়নের ভিত্তি হিসেবে ব্যবহার করা হবে।

(গ) সিটি করপোরেশন এবং পৌরসভা এলাকায় ভিজিডি কার্ড বরাদ্দ করা হবে না। তবে চক্র শুরু হবার পর কোন ইউনিয়ন যদি পৌরসভা / সিটি করপোরেশনের অন্তর্ভুক্ত হয়, সেক্ষেত্রে ভিজিডি উপকারভোগীদের চলমান চক্রে খাদ্য সহায়তাসহ প্রশিক্ষণ ও অন্যান্য সুবিধাদি অব্যাহত থাকবে। প্রতিটি ইউনিয়নে ন্যূনতম পঞ্চাশটি (৫০) কার্ডের বরাদ্দ নিশ্চিত করে উপজেলা পর্যায়ের ভিজিডি কার্ড বরাদ্দ রাখা হয়েছে।

(ঘ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ ভিজিডি কর্মসূচির বাস্তবায়ন ও সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন। ভিজিডি উপকারভোগী মহিলা নির্বাচন, খাদ্য ও সঞ্চয় ব্যবস্থাপনা তদারকি এবং এনজিও কার্যক্রম মনিটরিং এই দায়িত্বের অন্তর্ভুক্ত হবে।

(ঙ) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ যথাক্রমে জেলা ও উপজেলা পর্যায়ে (৪৯০টি) উপজেলায় ভিজিডি কর্মসূচির আওতায় নিয়োজিত এনজিও কর্তৃক প্রদত্ত উন্নয়ন প্যাকেজ সেবা বাস্তবায়নের সার্বিক ব্যবস্থাপনা ও মনিটরিং এর দায়িত্ব পালন করবেন। জেলার সদর উপজেলায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস সেট আপ না থাকায় জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের প্রোগ্রাম অফিসার সদর উপজেলার ভিজিডির দায়িত্ব পালন করবেন।

(চ) নিম্নে উল্লিখিত ভিজিডি উপকারভোগী বাছাই/নির্বাচন নীতিমালা ও অন্যান্য প্রক্রিয়া অনুসরণে ও সংশ্লিষ্ট উপজেলায় নিয়োজিত এনজিও'র সহযোগিতায় **২০১৭-২০১৮** ভিজিডি চক্রে উক্ত উপজেলার জন্য .................. জন উপকারভোগী ভিজিডি মহিলা বাছাই/নির্বাচন সম্পন্ন করতে হবে।

(ছ) অধিকন্তু, প্রত্যেক উপজেলার সকল ইউনিয়নে ভিজিডি কার্ড বরাদ্দের ক্ষেত্রে উপজেলা ভিজিডি কমিটি যাতে খাদ্য নিরাপত্তাহীন ও দুর্দশাগ্রস্থ পরিবারের সংখ্যার অনুপাত বিবেচনা করে, সে জন্য পুনরায় অনুরোধ করা হলো। এক্ষেত্রে, প্রতিটি ইউনিয়নের ন্যূনতম বরাদ্দকৃত কার্ডের সংখ্যা হবে পঞ্চাশটি (৫০টি)।

## **১. ভিজিডি উপকারভোগী বাছাই/নির্বাচন নীতিমালাঃ**

১.১ ভিজিডি মহিলা বাছাইয়ের শর্তাবলী ঃ

ইউনিয়ন ভিজিডি মহিলা নির্বাচন কমিটি ভিজিডি কর্মসূচির সাথে সম্পৃক্ত সহযোগী এনজিও সমূহের সহায়তায় চরম দুর্দশাগ্রস্থ ও অতিদরিদ্র পরিবার হতে শারীরিক ও মানসিকভাবে সুস্থ মহিলাকে পরবর্তী ২৪ মাসব্যাপী ভিজিডি নতুন চক্রের (জানুয়ারি ২০১৭ থেকে ডিসেম্বর ২০১৮) উপকারভোগী হিসেবে বাছাই/নির্বাচন করবে।

### **১.২ অন্তর্ভুক্তির শর্তাবলী ঃ**

যে সকল পরিবারের মহিলা সদস্য নিম্নোক্ত শর্ত **(অন্ততঃ ৪টি)** পূরণ করবে তাঁরা বাছাইয়ে অগ্রাধিকার পাবেন। বয়স সীমা ২০-৫০ বছর। তবে, ভূমিহীন যেসব পরিবারের প্রধান মহিলা এবং অন্য কোন আয়ের উৎস নেই, সে সকল পরিবার অগ্রাধিকার পাবে। এছাড়া, ভিজিডি কর্মসূচির মাধ্যমে যে সকল পরিবারে গর্ভবতি মা অথবা ২৪ মাস বয়সের কম শিশু সন্তান রয়েছে তাকে অগ্রাধিকার ভিত্তিতে অন্তর্ভুক্ত করতে হবে।

১. প্রকৃত অর্থে ভূমিহীন অর্থাৎ যাদের কোন জমি নেই অথবা ০.১৫ একরের কম জমির মালিক। এক্ষেত্রে, ভূমিহীন পরিবার অগ্রাধিকার পাবে।
২. যেসব পরিবার দৈনিক অথবা অনিয়মিত দিন মজুর হিসাবে অতি সামান্য আয় করে জীবিকা নির্বাহ করে এবং সুনির্দিষ্ট কোন আয়ের উৎস নেই।
৩. গর্ভবতী মা অথবা ২৪ মাসের কম বয়সের শিশু সন্তান আছে (সন্তান সংখ্যা কোনক্রমেই ২ জনের অধিক হবে না) তাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে অন্তর্ভুক্ত করতে হবে এবং প্রতি ইউনিয়নে এ ধরনের উপকারভোগীর জন্য ১০% কোটা নিশ্চিত করতে হবে
৪. পরিবার প্রধান মহিলা এবং কোন উপার্জনক্ষম পুরুষ সদস্য অথবা অন্য কোন আয়ের উৎস নেই।
৫. **পরিবারে স্কুলে অধ্যয়নরত কিশোরী আছে সে সকল মাকে অগ্রাধিকার দিতে হবে । কিশোরীরা নিয়মিত স্কুলে যাবে, বাল্য বিবাহ করবে না এবং কোন ঝুঁকিপূর্ণ কাজে যুক্ত থাকবে না মর্মে অঙ্গীকারবদ্ধ হতে হবে।**
৬. **যেসব পরিবারে অটিজম/প্রতিবন্ধী সদস্য আছে সেসব পরিবার ভিজিডি উপকারভোগী নির্বাচনে অগ্রাধিকার পাবে।**

**অন্তর্ভুক্তির অযোগ্যতা**

১. বয়স ২০ বছরের নিচে এবং ৫০ বছরের এর উপরে।
২. অন্য কোন খাদ্য বা অর্থ সাহায্য প্রদানকারী কর্মসূচি/প্রকল্পের উপকারভোগী।
৩. **(২০১৩-২০১৪ এবং ২০১৫-২০১৬)** চক্রে ভিজিডি কার্ডধারী ছিলেন।

### **১.৪ অন্যান্য শর্তাবলী ঃ**

১. একটি পরিবার কেবলমাত্র একটি ভিজিডি কার্ড পাবে।
২. **নির্বাচিত মহিলাগণ বিনা শর্তে এবং বিনা মূল্যে ভিজিডি কার্ড পাওয়ার অধিকারী হবেন। কার্ড প্রাপ্তির বিনিময়ে কোন অবস্থাতেই কোন প্রকার সেবা বা মূল্য আদায় করা যাবে না।**

### **২. ইউনিয়ন পর্যায়ে ভিজিডি উপকারভোগী বাছাই কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| ১. | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান - - - | সভাপতি |
| ২ | ইউনিয়ন পরিষদের সকল সদস্য (সংরক্ষিত আসনের নির্বাচিত তিনজন মহিলা সদস্যসহ) | সদস্য |
| ৩ | সহযোগী বেসরকারী সংস্থা (এনজিও) প্রতিনিধি - - | সদস্য |
| ৪ | একজন সরকারী প্রাথমিক/মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক (মহিলা) - - | সদস্য |
| ৫ | একজন মুক্তিযোদ্ধা | সদস্য |
| ৬ | পরিবার পরিকল্পনা ওয়ার্ড কর্মী | সদস্য |
| ৭ | স্থানীয় ২ জন গণ্যমান্য ব্যক্তি (১জন পুরুষ ও ১জন মহিলা) | সদস্য |
| ৮ | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সচিব | সদস্য সচিব |

উপজেলা নির্বাহী অফিসার এই কমিটির ৪,৭ নং ক্রমিকের সদস্য নির্বাচন করবেন এবং ৫ নং সদস্য উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডারের সাথে আলোচনা পূর্বক নির্বাচন করবেন।

## ৩. <u>বাছাই প্রক্রিয়া ঃ</u>

ক) ইউনিয়ন পর্যায়ে ভিজিডি মহিলা বাছাই-এর শর্তাবলী, প্রক্রিয়া এবং নিয়মাবলী সম্পর্কে উপজেলা ভিজিডি কমিটির সভাপতি সংশ্লিষ্ট উপজেলার সকল ইউপি চেয়ারম্যান এবং সচিবদের সমন্বয়ে একটি অবহিতকরণ সভা করবেন। পাশাপাশি এ সভায় ভিজিডি উপকারভোগী নির্বাচন সম্পর্কিত একটি কর্মপরিকল্পনাও প্রণয়ন করবেন। এই প্রক্রিয়া <u>**২০ আগষ্ট ২০১৬**</u> এর মধ্যে শেষ হবে।

খ) ইউনিয়ন ভিজিডি কমিটি উপকারভোগী নির্বাচন সম্পর্কিত (কর্মপরিকল্পনা অনুযায়ী) ইউপি ভিজিডি কমিটির সভা করবেন। এই প্রক্রিয়া <u>**১ সেপ্টেম্বর ২০১৬**</u> এর মধ্যে শেষ হবে।

গ) ইউনিয়ন ভিজিডি কমিটি ৪ সদস্য বিশিষ্ট একটি ওয়ার্ড কমিটি গঠন করবেন। একজন সরকারী কর্মচারী, ভিজিডি কার্যক্রমে নিয়োজিত এনজিও প্রতিনিধি এবং সংশ্লিষ্ট ওয়ার্ডে পুরুষ এবং নারী সদস্যের সমন্বয়ে এ কমিটি গঠিত হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডের নারী সদস্য এ কমিটির প্রধান হবেন। এ প্রক্রিয়া <u>**১ সেপ্টেম্বর ২০১৬**</u> এর মধ্যে শেষ হবে।

ঘ) ওয়ার্ড কমিটি সম্ভাব্য ভিজিডি উপকারভোগী মহিলার নাম ঠিকানা সংগ্রহ পূর্বক <u>*প্রাথমিক আবেদন ফরম*</u> (ছক ১) এনজিও প্রতিনিধির সহযোগিতায় পূরণ করবেন। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট ইউনিয়নের বরাদ্দকৃত কার্ডের দ্বিগুন সম্ভাব্য উপকারভোগী মহিলার তথ্য সংগ্রহ করতে হবে। সংগৃহীত ভিজিডি উপকারভোগীর আবেদন পত্র ভিজিডি ডাটা বেইজএ (ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের সহায়তায়) অন্তর্ভুক্ত করতে হবে। <u>**৩০ সেপ্টেম্বর ২০১৬**</u> এর মধ্যে শেষ হবে।

ঙ) ইউনিয়ন ভিজিডি কমিটি প্রাপ্ত প্রাথমিক আবেদন ফরম অনুযায়ী সম্ভাব্য মহিলাদের বাড়ি সরেজমিনে পরিদর্শন করে তথ্য যাচাইয়ের মাধ্যমে ছক- ২ পূরণ করবে যা পরবর্তীতে ভিজিডি ডাটা বেইজে অন্তর্ভুক্ত হবে। এই প্রক্রিয়া <u>**১০ অক্টোবর ২০১৬**</u> এর মধ্যে শেষ হবে।

চ) ইউনিয়ন ভিজিডি উপকারভোগী নির্বাচন কমিটি ওয়ার্ড হতে প্রাপ্ত সম্ভাব্য ভিজিডি মহিলাদের তালিকা একত্রিত করে কমিটির সকল সদস্যের স্বাক্ষর পূর্বক উপজেলো মহিলা বিষয়ক কর্মকর্তার মাধ্যমে উপজেলা ভিজিডি কমিটির নিকট পেশ করবেন। এই প্রক্রিয়া <u>**২০ অক্টোবর ২০১৬**</u> এর মধ্যে শেষ হবে।

ছ) উপজেলা ভিজিডি কমিটির সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী কর্মকর্তা তালিকাটি পর্যালোচনা পূর্বক পূর্নাঙ্গ তালিকা অনুমোদন প্রদান করবেন। এক্ষেত্রে, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা **ছক-৩** অনুযায়ী প্রস্তুতকৃত ভিজিডি মহিলাদের পূর্ণাঙ্গ তালিকার প্রতি পাতায় স্বাক্ষর করবেন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে স্বাক্ষরিত তালিকাটি প্রেরণ করবেন। অনুমোদিত এবং স্বাক্ষরিত চূড়ান্ত ভিজিডি মহিলাদের তালিকা <u>**৩০ অক্টোবর ২০১৬**</u> এর মধ্যে ইউনিয়ন পরিষদে প্রেরন নিশ্চিত করতে হবে।

জ) চুড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীর নামের তালিকা অনুমোদনের পর ভিজিডি ডাটা বেইজএ (উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কাজটি সম্পন্ন করবেন) অন্তর্ভুক্ত করতে হবে।

ঝ) <u>**অনুমোদিত বাছাইকৃত উপকারভোগী মহিলার নামের তালিকা সবার জ্ঞাতার্থে ইউপি নোটিস বোর্ডে টানিয়ে দিতে হবে।**</u> তালিকায় কোন অভিযোগ থাকলে ইউএনও বরাবরে লিখিত আপত্তি জানাতে হবে। এই অভিযোগ 'উপজেলা ভিজিডি কমিটি' সরেজমিনে তদন্ত করবে। এক্ষেত্রে, উপজেলা নির্বাহী কর্মকর্তা উপজেলা ভিজিডি কমিটির সভাপতি হিসেবে তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করবে। তদন্ত কমিটি ৫ কর্ম দিবসের মধ্যে 'উপজেলা ভিজিডি কমিটি'র নিকট তদন্ত প্রতিবেদন দাখিল করবে। 'উপজেলা ভিজিডি কমিটি' চূড়ান্ত পদক্ষেপ গ্রহণ করবে।

ঞ) <u>**উপজেলা ভিজিডি কমিটি তালিকা চূড়ান্ত করণে ১০% মহিলার নাম অপেক্ষমান তালিকায় রাখবেন।**</u> ইউনিয়ন ভিজিডি মহিলা বাছাই কমিটি' প্রাথমিকভাবে বাছাইকৃত চূড়ান্ত তালিকা থেকে বাদ পড়া অবশিষ্ট মহিলার নামের তালিকা উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরন করবে।

ট) 'ইউনিয়ন ভিজিডি মহিলা বাছাই কমিটি' নির্ধারিত সময়ের মধ্যে সম্ভাব্য ভিজিডি মহিলার তালিকা উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরনে ব্যর্থ হলে/ কিংবা অসহযোগিতা করলে উপজেলা ভিজিডি কমিটি ৩ সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে ১০ কর্ম দিবসের মধ্যে সম্ভাব্য ভিজিডি মহিলার নামের তালিকা তৈরি করবেন। এ বিষয়ে 'উপজেলা ভিজিডি কমিটি' চূড়ান্ত পদক্ষেপ গ্রহণ করবে।

ঠ) উপজেলা ভিজিডি কমিটি <u>তালিকা অনুমোদনের ৭ দিনের মধ্যে</u> প্রত্যেক নির্বাচিত উপকারভোগী মহিলার 'ভিজিডি কার্ড' বিতরণ নিশ্চিত করবে। এ ক্ষেত্রে উপজেলা পরিষদে পূর্ব নির্ধারিত তারিখে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের ট্যাগ অফিসার/দায়িত্বপ্রাপ্ত উপজেলা পর্যায়ের সরকারি কর্মকর্তা উপস্থিত থেকে অনুমোদিত তালিকা অনুযায়ী নির্বাচিত উপকারভোগী মহিলাদের <u>সাক্ষাৎকার গ্রহণপূর্বক</u> ভিজিডি কার্ড আনুষ্ঠানিকভাবে বিতরণ করবেন। সাক্ষাৎকারে উপকারভোগী নির্বাচনের শর্তাবলীর ব্যত্যয় বা অন্য কোন অনিয়ম পরিলক্ষিত হলে তদন্ত সাপেক্ষে তা সমাধানের ব্যবস্থা করবে। <u>কোন অবস্থায়ই উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং সংশ্লিষ্ট ইউনিয়ন ট্যাগ অফিসারের অনুপস্থিতিতে ভিজিডি কার্ড বিতরণ এবং কার্ড বিতরণ না করে খাদ্য বিতরণ করা যাবে না</u>। <u>**১০ নভেম্বর ২০১৬**</u> এর মধ্যে নির্বাচিত ভিজিডি মহিলার 'ভিজিডি কার্ড' বিতরণ সম্পন্ন করবে।

## ৪. উপজেলা ভিজিডি কমিটির গঠন ঃ

| | | |
|---|---|---|
| | উপজেলা পরিষদ চেয়ারম্যান | উপদেষ্টা |
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ | সদস্য |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৫. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| ৬. | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৮. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ৯. | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | সদস্য |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১১. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১২. | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ১৩. | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১৪. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | সদস্য |
| ১৫. | সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান | সদস্য |
| ১৬. | উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের ১ জন প্রতিনিধি | সদস্য |
| ১৭. | প্রত্যেক সহযোগী বেসরকারী সংস্থার (এনজিও) প্রতিনিধি | সদস্য |
| ১৮. | স্থানীয় ২ জন গণ্যমান্য ব্যক্তি (১জন পুরুষ ও ১জন মহিলা) | সদস্য |
| ১৯. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য সচিব |

ছ) উপজেলা নির্বাহী অফিসার এই কমিটির ১৮ নং ক্রমিকের সদস্য নির্বাচন করবেন এবং ১৬ নং সদস্য উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডারের সাথে আলোচনা পূর্বক নির্বাচন করবেন। **সদর উপজেলা সমূহে জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের প্রোগ্রাম অফিসার উপজেলা ভিজিডি কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।**

## ৫. উপজেলা ভিজিডি কমিটির দায়িত্বাবলী ঃ

ক) 'ইউনিয়ন ভিজিডি বাছাই কমিটি' কর্তৃক প্রস্তুতকৃত তালিকা যাচাই করা।

খ) উপজেলাতে ভিজিডি কার্যক্রমে কর্মরত এনজিও প্রতিনিধিকে সক্রিয়ভাবে সম্পৃক্ত করা ।

গ) **আনুপাতিক খাদ্য নিরাপত্তাহীনতা, পুষ্টিহীনতা, দরিদ্রতা ও দুর্দশাগ্রস্থ জনসংখ্যার ঘনত্ব অনুযায়ী ইউনিয়ন পর্যায়ে ভিজিডি কার্ড বরাদ্দ করা।**

ঘ) ভিজিডি কার্ড প্রাপ্তি যেন অর্থের বিনিময় না হয়, সেটা নিশ্চিত করা।

ঙ) নির্বাচিত চুড়ান্ত উপকারভোগীর তালিকা অনুমোদনের পর ভিজিডি ডাটা বেইজ- এ অন্তর্ভুক্তি নিশ্চিত করা।

চ) এনজিও কর্তৃক উপকারভোগীদের প্রশিক্ষণ সেবা প্রদান নিশ্চিতকরণ।

## ৬. ভিজিডি মহিলা নির্বাচন মনিটরিং ঃ

(ক) সংশ্লিষ্ট সরকারী কর্মকর্তাদের সক্রিয় মনিটরিং ঃ উপজেলা নির্বাহী কর্মকর্তা নিশ্চিত করবেন- সংশ্লিষ্ট জেলা/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া মনিটরিংএ অংশগ্রহণ করবেন;

**১৫ সেপ্টেম্বর ২০১৬** এর মধ্যে সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা প্রত্যেক ইউনিয়ন ভিজিডি কমিটির সাথে ভিজিডি উপকারভোগী নির্বাচনের শর্তাবলী, প্রক্রিয়া এবং নির্দেশনা সমূহ নিয়ে আলোচনা করবেন।

(খ) মনিটরিংএ অনিয়ম পরিলক্ষিত হলে গৃহীত ব্যবস্থাদিঃ

ভিজিডি উপকারভোগী নির্বাচন প্রক্রিয়ায় অনিয়ম যথা নির্বাচনের শর্ত পূরণ না হওয়া, যথাযথ কমিটি দ্বারা উপকারভোগী নির্বাচন না করা ইত্যাদি বিবেচনা সাপেক্ষে সংশ্লিষ্ট সরকারী কর্মকর্তাদের সুপারিশের প্রেক্ষিতে নিম্নোক্ত ব্যবস্থাদি প্রযোজ্য হবে ঃ

- চূড়ান্তভাবে অনুমোদিত কোন ভিজিডি উপকারভোগী নির্বাচনের শর্তাবলী পূরণ না করে থাকলে, ভিজিডি তালিকা হতে সেই উপকারভোগীর নাম বাদ দেয়া হবে এবং তার অনুকূলে বরাদ্দকৃত ভিজিডি কার্ড সরাসরি বাতিল হবে। অপেক্ষামান তালিকা থেকে শর্ত পূরণ করে এমন উপকারভোগী নির্বাচন করা যাবে।
- কোন ইউনিয়নে উপকারভোগী নির্বাচনের শর্তাবলী পালনে ত্রুটির পরিমান ১৫% এর বেশী পরিলক্ষিত হলে উক্ত ইউনিয়নের ভিজিডি কার্যক্রম বাতিল করতে হবে।
- **৩০ অক্টোবর ২০১৬** এর মধ্যে যদি এমন কোন ইউনিয়ন পাওয়া যায়, যে ইউনিয়নে সর্বাধিক ১০% এর অধিক ক্ষেত্রে ভিজিডি উপকারভোগী বাছাইয়ের শর্তাবলী পূরণে ব্যর্থ হয়েছে, সে ইউনিয়নে পুনরায় ভিজিডি উপকারভোগী নির্বাচনের ব্যবস্থা করতে হবে।

৭. **বিশেষ বিবেচ্য বিষয়ঃ**

ক) এই পরিপত্রটি সম্পূর্নরূপে ২০১৭-২০১৮ চক্রের জন্য ভিজিডি উপকারভোগী বাছাই, মনিটরিং ও ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

খ) পরবর্তী চক্রের ভিজিডি খাদ্য বিতরণ ব্যবস্থাপনা সংক্রান্ত সরকারী আদেশ (জিও) এবং বরাদ্দ পত্র (এও) ডিসেম্বর ২০১৬ এর মধ্যে জারি করা হবে।

গ) ভিজিডি উপকারভোগীদের নির্বাচনী শর্তসমূহ পালনে অনিয়ম পরিলক্ষিত হলে সরকার ভিজিডি কেন্দ্রের খাদ্য সাহায্য স্থগিত বা বাতিল করার ব্যবস্থাদি গ্রহণ করবে।

স্বাক্ষরিত
তারিখঃ ০৪.০৮.২০১৬
(রায়না আহমদ )
উপ সচিব (উন্নয়ন-২)
ফোনঃ ৯৫৭০৬৫৭

**কার্যক্রম গ্রহণের জন্য প্রেরিত হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)** ঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো উন্নয়ন ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
০৪। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
০৭। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, ঢাকা।
০৮। সচিব, মৎস ও পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
০৯। সচিব, কৃষি মন্ত্রনালয়, ঢাকা।
১০। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহা-পরিচালক, ত্রাণ ও পূনর্বাসন অধিদপ্তর, ঢাকা।
১২। মহা-পরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
১৩। মহা-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
১৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্রগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/বরিশাল/সিলেট।
১৫। জেলা প্রশাসক (সকল)।
১৬। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল), ......................................................................................
১৯। প্রতিনিধি, বিশ্ব খাদ্য কর্মসূচী, ঢাকা।
২০। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল), ..............................................................................
২১। চেয়ারম্যান, ..............................ইউনিয়ন, ................................থানা, ............................জেলা।
২২। নির্বাহী পরিচালক/পরিচালক, ........................................................................................

# ভিজিডি কর্মসূচির উপকারভোগী হওয়ার আবেদনপত্র

বরাবর,
ভিজিডি ইউনিয়ন কমিটি
...........................
............................

ব্যক্তিগত তথ্য ঃ

| | | |
|---|---|---|
| ১। | নাম | ঃ |
| ২। | পিতার নাম | ঃ |
| ৩। | মাতার নাম | ঃ |
| ৪। | স্বামীর নাম/অভিভাবকের নাম | ঃ |
| ৫। | জন্ম তারিখ | ঃ |
| ৬। | মোবাইল নং | ঃ |
| ৭। | জাতীয় পরিচয়পত্রের নং (বাধ্যতামূলক) | ঃ |

যোগাযোগের তথ্য ঃ

| | | |
|---|---|---|
| ৮। | **বর্তমান ঠিকানা** | **ঃ** |
| | ডাকঘর কোড | ঃ |
| | গ্রাম/মহল্লা | ঃ |
| | ওয়ার্ড নং | ঃ |
| | ইউনিয়ন | ঃ |
| | উপজেলা | ঃ |
| | জেলা | ঃ |
| ৯। | **স্থায়ী ঠিকানা** | **ঃ** |
| | ডাকঘর কোড | ঃ |
| | গ্রাম/মহল্লা | ঃ |
| | ওয়ার্ড নং | ঃ |
| | ইউনিয়ন | ঃ |
| | উপজেলা | ঃ |
| | জেলা | ঃ |

অন্যান্য তথ্যাদি ঃ

| | | |
|---|---|---|
| ১০। | আয়বর্ধক কর্মকান্ডের বিবরণ | ঃ |
| ১১। | এনজিও/বিআরডিবি/অন্য কোন সমিতির সদস্য (হ্যাঁ/না) | ঃ |
| ১২। | পরিবার প্রধান (মহিলা/কোন উপার্জনক্ষম পুরুষ নাই) | ঃ |
| ১৩। | বয়স (২০ হতে ৫০ বছর) (হ্যাঁ/না) | ঃ |
| ১৪। | পরিবারের আয় (অতি সামান্য /দিন মজুর/সুনির্দিষ্ট আয় নাই) | ঃ |
| ১৫। | **পরিবারের বার্ষিক আয় (৫০০০ টাকা / ৫০০১-১০০০০ টাকা / ১০০০১ থেকে ঊর্ধ্ব)** | ঃ |
| ১৬। | পরিবারের সদস্য সংখ্যা | ঃ |
| ১৭। | জমির মালিকানা (০.১৫ একরের কম) | ঃ |
| ১৮। | ২০১৩-২০১৪ এবং ২০১৫-২০১৬ এর মধ্যে ভিজিডি কার্ডধারী ছিলেন (হ্যাঁ/না) | ঃ |
| ১৯। | পরিবারে গর্ভবতী মহিলা আছে/নাই | ঃ |
| ২০। | পরিবারে ২৪ মাসের কম বয়সী শিশু আছে/নাই | ঃ |
| ২১। | **পরিবারে স্কুলে অধ্যয়নরত কিশোরী আছে/নাই** | ঃ |
| ২২। | **পরিবারে অটিজম/ প্রতিবন্ধী সদস্য আছে/নাই** | ঃ |

# ভিজিডি কর্মসূচির জন্য উপকারভোগী মহিলা বাছাই/নির্বাচনের প্রাথমিক তালিকার ছক
## ভিজিডি চক্র ২০১৭- ২০১৮

ইউনিয়ন ঃ      ওয়ার্ড ঃ

**উপজেলা ঃ**      **গ্রাম ঃ**

**জেলা ঃ**      **পাড়া / মহল্লা ঃ**

| ক্রমিক নং | ভিজিডি মহিলার নাম এবং স্বামী/ অভিভাবকের নাম | বয়স | জাতীয় পরিচয় পত্র নং | পরিবারের সদস্য সংখ্যা | দুঃস্থতা নির্ণায়ক | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অন্তর্ভুক্তির শর্তাবলী | | | | | | | অন্তর্ভুক্তি না করার শর্তাবলী | |
| | | | | | জমির মালিকানা (০.১৫ একরের কম) | পরিবারের আয় (অতি সামান্য / দিনমজুর / সুনির্দিষ্ট আয় নেই) | পরিবার প্রধান (মহিলা / কোন উর্পাজনক্ষম পুরুষ নেই) | পরিবারে গর্ভবতি মা/ ২৪ মসের কম বয়সী শিশু আছে/ নাই | পরিবারে স্কুলে অধ্যয়নরত কিশোরী আছে/নাই) | পরিবারে অটিজম/ প্রতিবন্ধী সদস্য (আছে/ নাই) | বয়স (২০ হতে ৫০ বছর) (হ্যাঁ / না) | এনজিও/ বি আর ডি বি/ অন্য কোন সমিতির সদস্যা (হ্যাঁ/ না) | ২০১৩-২০১৬ এর মধ্যে ভিজিডি কার্ডধারী ছিলেন (হ্যাঁ / না) |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |

| <u>প্রাথমিক তালিকা প্রস্তুত ও ক্ষুদ্র দলের প্রধান</u> ঃ | <u>ক্ষুদ্র দলের সদস্য</u> | <u>ক্ষুদ্র দলের সদস্য</u> | <u>ক্ষুদ্র দলের সদস্য</u> |
|---|---|---|---|
| স্বাক্ষর ঃ<br>পদবী ঃ ইউ.পি. মহিলা সদস্যা<br>ওয়ার্ড নং ঃ | স্বাক্ষর ঃ<br>পদবী ঃ ইউ.পি. পুরুষ সদস্য<br>ওয়ার্ড নং ঃ | স্বাক্ষর ঃ<br>পদবী ঃ<br>এনজিও ঃ | স্বাক্ষর ঃ<br>পদবী ঃ<br><br>প্রতিষ্ঠানের নাম ঃ<br>(সরকারী কর্মচারী, ইউনিয়ন পর্যায়ে) |

# ভিজিডি কর্মসূচির জন্য উপকারভোগী মহিলা নির্বাচনের তালিকার চূড়ান্ত ছক
## ভিজিডি চক্র ২০১৭ - ২০১৮

**ইউনিয়ন:**
**উপজেলা:**
**জেলা:**

| ক্রমিক নং | ভিজিডি মহিলার নাম | বয়স | জাতীয় পরিচয় পত্র নম্বর | পিতা,স্বামী অথবা অভিভাবকের নাম | পরিবারে সদস্য সংখ্যা | ওয়ার্ড নং | গ্রাম | পাড়া / মহল্লা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

| | |
|---|---|
| চূড়ান্ত তালিকা প্রস্তুতকারীঃ<br>স্বাক্ষর ঃ<br>পদবী ঃ সদস্য সচিব, ইউ পি ভিজিডি মহিলা বাছাই কমিটি<br>ওয়ার্ড নং ঃ | স্বাক্ষর ঃ<br>পদবী ঃ সভাপতি, ইউ পি ভিজিডি মহিলা বাছাই কমিটি |
| স্বাক্ষর ঃ<br>পদবী ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>সদস্য-সচিব, উপজেলা ভিজিডি কমিটি/<br>ইউএনও কর্তৃক অর্পিত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা<br>ওয়ার্ড নং ঃ | চূড়ান্ত তালিকা অনুমোদনকারীঃ<br>স্বাক্ষর ঃ<br>পদবী ঃ উপজেলা নির্বাহী অফিসার (ইউ এন ও)<br>সভাপতি, উপজেলা ভিজিডি কমিটি |